217

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 JUL 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

সাংবাদিক সম্মেলনে অভিযোগ

# ছাত্রদলের হুমকির মুখে ছাত্রলীগের কর্মীরা হলে থাকতে পারছে না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্রলীগ (শা-পা) ঢাকা মেডিক্যাল কলেজ শাখা অভিযোগ করেছে যে, ছাত্রদলের অব্যাহত সন্ত্রাস ও হুমকির মুখে ছাত্রলীগ কর্মীরা হলে অবস্থান করতে পারছে না। তাঁরা বলেন, মেধাবী ছাত্রদের এ প্রতিষ্ঠান এখন—উক্ত সংগঠনের চাঁদাবাজি, বোমাবাজি ও গুলির কাছে জিম্মি হয়ে পড়েছে।

শুক্রবার মধুর ক্যান্টিনে সংগঠন আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তাঁরা এ কথা বলেন। এ সময় লিখিত বক্তব্য পাঠ করেন মেডিক্যাল কলেজ শাখার সভাপতি মোঃ মুশিকুর রহমান বিটু। উপস্থিত ছিলেন বাহাদুর ব্যাপারী, সুজীত রায় নন্দী, আই ই মোহাম্মদ জাকারিয়া প্রমুখ।

লিখিত বক্তব্যে বলা হয়, গত ৮ জুলাই প্রথম বর্ষের নির্ধারিত পরীক্ষার দিনে ছাত্রদলের সন্ত্রাসীরা বোমাবাজির মাধ্যমে আতঙ্ক সৃষ্টি করে। পরবর্তীতে ১০ জুলাই পুলিশ প্রহরায় পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত বক্তব্যে নাম উল্লেখ করে বলা হয়, পরীক্ষার পরদিন ছাত্রদল কর্মী তৃষা, নিপুণ, নোমান, ছানা ও অন্যরা পরীক্ষায় অংশ নেয়ার জন্য ছাত্রলীগ কর্মীদের ওপর চড়াও হয় এবং কয়েক জনকে মারধর করে। এমনকি ছাত্রলীগ কর্মীদের হল ত্যাগের হুমকি দেয়। এক প্রশ্নের জবাবে তাঁরা বলেন, ডাঃ ফজলে রাব্বী হলের ২৫, ২৬, ২৮, ১২৬, ৩১৫ ও ২০৪ নম্বরসহ বিভিন্ন কক্ষে ছাত্রলীগ কর্মীরা অবস্থান করতে পারছে না।

লিখিত বক্তব্যে মেডিক্যাল কলেজ প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ করা হয় যে, সম্পূর্ণ নিয়ম বহির্ভূতভাবে প্রশাসন বিএনপি'র এক নেতার মেয়েকে ভর্তি করেছে।